# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বিজ্ঞপ্তি

তারিখ: ১৯ আগস্ট ২০২৫

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ধারা ২৪ (১) এবং Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর section 33 এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা "বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ এবং" "Margin (Repeal) Rules, 2025" এর খসড়াদ্বয়ের উপর সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ বা আপত্তি আহবান করিতেছে।

খসড়াদ্বয়ের উপর মতামত, পরামর্শ বা আপত্তি উক্ত বিধিমালা কমিশনের ওয়েবসাইট/সংবাদপত্রে প্রকাশিত হইবার ২(দুই) সপ্তাহের মধ্যে নিম্ন ঠিকানায় প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইলো।

মতামত, পরামর্শ বা আপত্তি প্রেরণের ঠিকানা:

চেয়ারম্যান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, আগারগাঁও
শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
ই-মেইল: chairman@sec.gov.bd এবং প্রতিলিপি: azizur@sec.gov.bd

**প্রজ্ঞাপন (প্রস্তাবিত)**

**তারিখ: ১৯ আগস্ট ২০২৫**

নং-বিএসইসি/সেকশন/সিএমআরআরসিডি/২০০১-৪৩/...../পিআরডি/.... যেহেতু, পুঁজিবাজারে মার্জিন অর্থায়নে কতিপয় ঝুঁকি, যথা: গ্রাহকের ঝুঁকি, প্রাতিষ্ঠানিক বা মার্জিন অর্থায়নকারীর ঝুঁকি, পদ্ধতিগত বা ব্যবস্থাগত ঝুঁকি (systematic risk) এবং স্বার্থের দ্বন্দ্ব (conflict of interest), ইত্যাদি লক্ষণীয়;

এবং যেহেতু, এই ঝুঁকিসমূহ মার্জিন অর্থায়ন এবং উহার ব্যবস্থাপনা তথা সার্বিক পুঁজিবাজার ব্যবস্থাকে প্রভাবিত করিয়া থাকে;

এবং যেহেতু, মার্জিন অর্থায়নে পুঁজিবাজারের এই ঝুঁকিসমূহ নিরসনকরণ তথা যথাযথ মার্জিন অর্থায়ন ব্যবস্থাপনা ও সুশাসন নিশ্চিতকরণ এবং বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ধারা ২৪ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, নিম্নলিখিত বিধিমালা প্রস্তাব করিল, যথা:

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও কার্যকারিতা।–**

(১) এই বিধিমালা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা স্টক-ব্রোকার এবং মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার কর্তৃক তালিকাভুক্ত ইক্যুইটি (equity) সিকিউরিটিতে মার্জিন অর্থায়নের জন্য প্রযোজ্য হইবে।

(৩) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

**২। সংজ্ঞাঃ**

(ক) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(১) "পোর্টফোলিও ম্যানেজার (portfolio manager)" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর অধীনে নিবন্ধিত কোনো পোর্টফোলিও ম্যানেজার;

(২) "মার্চেন্ট ব্যাংকার" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর অধীনে নিবন্ধিত কোনো মার্চেন্ট ব্যাংকার;

(৩) “স্টক-ব্রোকার” অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে নিবন্ধিত কোনো স্টক ব্রোকার;

(৪) “মার্জিন অর্থায়নকারী (margin financer)” অর্থ কোনো স্টক-ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার বা মার্চেন্ট ব্যাংকারকে বুঝাইবে, যাহা স্বীয় গ্রাহককে অত্র বিধিমালার অধীন মার্জিন অর্থায়ন করিয়া থাকে। তবে কোনো সম্পদ ব্যবস্থাপক কোম্পানিকে মার্জিন অর্থায়নকারী হিসেবে গণ্য করা যাইবে না;

(৫) “মার্জিন (margin)” বলিতে কোনো মার্জিন হিসাবে গ্রাহকের জমাকৃত অর্থ এবং তাহার ক্রয়কৃত, স্থানান্তরিত বা অন্য কোনো বৈধ পন্থায় অর্জিত মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটির বাজার মূল্যের সমষ্টিকে বুঝাইবে;

(৬) “মার্জিন অর্থায়ন (margin financing)” অর্থ কোনো গ্রাহকের মার্জিন হিসাবে জমাকৃত মার্জিন-এর বিপরীতে উক্ত হিসাবে গ্রাহকের অনুকূলে সিকিউরিটি ক্রয়ের নিমিত্ত কোনো মার্জিন অর্থায়নকারী কর্তৃক প্রদত্ত অর্থকে বুঝাইবে;

(৭) “মার্জিন হিসাব (margin account)” অর্থ কোনো গ্রাহকের নামে খোলা এমন হিসাব, যাহাতে মার্জিন অর্থায়নকারী বিধি ৬ মোতাবেক যথাযথ মার্জিন চুক্তি সম্পাদনের মাধ্যমে মার্জিন অর্থায়ন করিয়া থাকে;

(৮) “নগদ হিসাব (cash account)” বলিতে গ্রাহকের অর্থে পরিচালিত কোনো হিসাবকে বুঝাইবে;

(৯) “কর্তৃত্বপ্রাপ্ত হিসাব (discretionary account)” অর্থ এমন হিসাব, যাহাতে কোনো গ্রাহক তাহার পক্ষে বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করিবার জন্য কোনো স্টক ব্রোকার বা পোর্টফোলিও ম্যানেজারকে চুক্তির মাধ্যমে কর্তৃত্ব প্রদান করিয়া থাকে এবং যাহাতে চুক্তি মোতাবেক যৌথ বিনিয়োগ এবং পারস্পারিক লাভ-লোকসান ভাগাভাগির সুযোগ বিদ্যমান থাকে;

(১০) “কর্তৃত্ববিহীন হিসাব (non-discretionary account)” বলিতে এমন হিসাবকে বুঝাইবে, যাহাতে গ্রাহক স্বীয় ইচ্ছায় বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করিয়া থাকে;

(১১) “মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি (margin financeable security)” অর্থ বিধি ১০-এ বর্ণিত কোন সিকিউরিটি, যাহাতে মার্জিন অর্থায়ন করা যায়;

(১২) “মূল বোর্ড (main board)” বলিতে স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত কোনো সিকিউরিটির লেনদেন সাধারণত যেই প্ল্যাটফর্ম বা সিস্টেমে সম্পন্ন হয় তাহাকে বুঝাইবে; তবে স্টক এক্সচেঞ্জ-এর কোনো বিশেষায়িত ট্রেডিং প্ল্যাটফর্ম যথা- ATB, OTC, SME ইত্যাদি বোর্ডসমূহ উহার অর্ন্তভূক্ত হইবে না;

(১৩) “প্রারম্ভিক মার্জিন (initial margin)” বলিতে ‘মার্জিন অর্থায়ন’ গ্রহণের নিমিত্ত কোনো গ্রাহক কর্তৃক তাহার মার্জিন হিসাবে প্রাথমিকভাবে জমাকৃত মার্জিনকে বুঝাইবে;

(১৪) “সংরক্ষিতব্য মার্জিন (maintenance margin)” বলিতে কোনো গ্রাহকের মার্জিন হিসাবে মার্জিন অর্থায়নের শতকরা সেই পরিমাণ গ্রাহকের ইক্যুইটি বা পোর্টফোলিও মূল্যকে (portfolio value) বুঝাইবে, যাহা বিধি ৯ এর উপবিধি (১) অনুযায়ী সংরক্ষণের বাধ্যবাধকতা রহিয়াছে;

(১৫) “পোর্টফোলিও মূল্য (portfolio value)” বলিতে কোনো গ্রাহকের কোনো মার্জিন হিসাবে সংরক্ষিত নগদ অর্থ ও সিকিউরিটির বাজার মূল্যের সমষ্টিকে বুঝাইবে;

(১৬) “ইক্যুইটি (equity)” বলিতে পোর্টফোলিও মূল্য ও মার্জিন অর্থায়নের পার্থক্যকে বুঝাইবে;

(১৭) “মার্জিন তলব (margin call)” বলিতে মার্জিন হিসাবে সংরক্ষিতব্য মার্জিন বা ন্যূনতম ইক্যুইটি সংরক্ষণের উদ্দেশ্যে মার্জিন অর্থায়নকারী কর্তৃক উহার গ্রাহককে প্রদত্ত নোটিশকে বুঝাইবে;

(১৮) “আবশ্যিকভাবে বিক্রয়” বলিতে কোনো গ্রাহকের কোনো মার্জিন হিসাব সমন্বয়ের নিমিত্ত মার্জিন অর্থায়নকারী কর্তৃক গ্রাহকের সম্মতি ব্যতিরেকে উক্ত হিসাবের সমুদয় বা প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটি বিক্রয় করাকে বুঝাইবে;

(খ) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন), কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) এবং উহাদের অধীন জারিকৃত কোনো বিধিমালা বা প্রবিধানমালায় যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

## দ্বিতীয় অধ্যায়
## মার্জিন, মার্জিন হিসাব পরিচালনা ইত্যাদি।

৩। **মার্জিন অর্থায়নকারী (margin financer)।-** (১) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পর মার্জিন অর্থায়নকারী Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 পরিপালন না করিয়া কোনো মার্জিন অর্থায়ন করিতে পারিবে না।

(২) কোনো মার্জিন অর্থায়নকারী উপবিধি (১) এর বিধান পরিপালনে ব্যর্থ হইলে উহা নতুন করে কোনো মার্জিন অর্থায়ন করিতে পারিবে না এবং উহা কর্তৃক ইতোপূর্বে প্রদত্ত সমূদয় মার্জিন অর্থায়ন, কমিশন কর্তৃক প্রতিষ্ঠান ভিত্তিক (case to case basis) প্রদত্ত ও নির্ধারিত সময়ের মধ্যে, সমন্বয় করত: উহার মার্জিন অর্থায়ন সংক্রান্ত সমূদয় কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করিবেঃ

তবে শর্ত থাকে যে, উপবিধি (১) পরিপালন সাপেক্ষে উক্ত মার্জিন অর্থায়নকারী পুনরায় মার্জিন অর্থায়ন করিতে পারিবে।

৪। **মার্জিন অর্থায়নের জন্য পৃথক ব্যাংক হিসাব (separate bank account for margin financing)।-** (১) মার্জিন অর্থায়নকারীকে উহার নিজ নামে, স্বীয় গ্রাহকদেরকে মার্জিন অর্থায়ন এবং তা সমন্বয়ের নিমিত্ত, একটি স্বতন্ত্র ব্যাংক হিসাব খুলিয়া পরিচালনা করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উহার কোনো শাখা (branch) অফিস বা কোনো ডিজিটাল বুথের নামে এইরূপ কোনো ব্যাংক হিসাব খোলা যাইবে না;

(২) অন্য কোনো বিধিমালা বা বিধিতে যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, 'মার্জিন অর্থায়নকারী' উহার কোনো শাখা (branch) অফিস, বা কোনো ডিজিটাল বুথ অফিস হইতে সরাসরি কোনো প্রকার 'মার্জিন অর্থায়ন' করিতে পারিবে না;

(৩) অন্য কোনো বিধিমালা বা বিধিতে যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, কোনো মার্জিন অর্থায়নকারী কোনো অবস্থায় বা কোনো ভাবে উহার সমন্বিত গ্রাহক হিসাব (consolidated customers' account) হইতে কোনো প্রকার মার্জিন অর্থায়ন করিতে পারিবে না।

৫। **মার্জিন হিসাব (margin account)।-** (১) কোনো গ্রাহক, মার্জিন হিসাব খুলিতে চাহিলে, হিসাব খুলিবার সময়, তাহার নামে ইতোমধ্যে অন্য কোনো মার্জিন অর্থায়নকারীর নিকট কোনো মার্জিন হিসাব থাকিলে, উহা বা উহাদের বিবরণ, যথা: হিসাবের নাম, বিও হিসাব নম্বর, সংশ্লিষ্ট মার্জিন অর্থায়নকারীর (স্টক-ব্রোকার বা মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) নাম, গৃহীত মার্জিন অর্থের পরিমাণ, ইত্যাদি উল্লেখপূর্বক মার্জিন অর্থায়নকারীর নিকট একটি ঘোষণা পত্র (declaration) দাখিল করিবে:

তবে শর্ত থাকে যে, উক্ত ঘোষণা পত্র যাচাই-বাছাই না করিয়া কোনো মার্জিন অর্থায়নকারী কোনো মার্জিন হিসাব খুলিবে না;

আরো শর্ত থাকে যে, কোনো ব্যক্তি এই উপবিধি অনুযায়ী মিথ্যা বা অসম্পূর্ণ তথ্য প্রদান করিলে উহা প্রতারণা হিসেবে বিবেচিত হইবে এবং কমিশন, তাহার বিরুদ্ধে অধ্যাদেশ বা আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(২) মার্জিন অর্থায়নকারী কোনো গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে একটি একক মার্জিন হিসাব (individual margin account) খুলিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, বিধি ৬ মোতাবেক যথাযথ চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোনো 'মার্জিন অর্থায়নকারী' উহার কোনো গ্রাহকের অনুকূলে কোনো মার্জিন হিসাব খুলিতে, পরিচালনা করিতে বা মার্জিন অর্থায়ন করিতে পারিবে না;

(৩) উপবিধি (১) এর শর্ত পরিপালন সাপেক্ষে কোনো মার্জিন অর্থায়নকারী কোনো গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে তাহার বিদ্যমান একক নগদ হিসাবকে মার্জিন হিসাবে রূপান্তর করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, চুক্তির মেয়াদান্তে বা যে-কোনো সময়ে, গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে, 'মার্জিন অর্থায়নকারী' উহার কোনো গ্রাহকের কোনো মার্জিন হিসাবকে (margin account), যথাযথভাবে মার্জিন অর্থায়ন সমন্বয় পূর্বক, একক নগদ হিসাবে (cash account) রূপান্তর করিতে পারিবে;

(৪) এই বিধিমালায় যাহা কিছুই বর্ণিত থাকুক না কেন, 'মার্জিন অর্থায়নকারী' কোনো ভাবে বা কোনো অবস্থায় উহার কোনো গ্রাহকের কোনো নগদ হিসাবে (cash account), তা একক বা যৌথ যেই নামেই পরিচালিত হোক না কেন, মার্জিন অর্থায়ন করিতে পারিবে না;

(৫) কোনো মার্জিন অর্থায়নকারী কোনো অবস্থায় কর্তৃত্বপ্রাপ্ত হিসাবে (discretionary account) মার্জিন অর্থায়ন করিতে পারিবে না;

(৬) কোনো মার্জিন অর্থায়নকারী'র কোনো পরিচালক বা উহার কোনো কর্মকর্তা ও কর্মচারী বা উহাদের পরিবারের কোনো সদস্য বা উহার উদ্যোক্তা প্রতিষ্ঠানের কোনো পরিচালক, সংশ্লিষ্ট মার্জিন অর্থায়নকারী প্রতিষ্ঠানে কোনো মার্জিন হিসাব খুলিতে বা পরিচালনা করিতে পারিবে না, বা উহাদেরকে 'মার্জিন অর্থায়নকারী' কোনো ভাবেই মার্জিন অর্থায়ন করিবে না;

ব্যাখ্যাঃ পরিবার অর্থ- স্বামী বা স্ত্রী, পিতা, মাতা, পুত্র, কন্যা বা সংশ্লিষ্ট ব্যক্তির উপর আইনগত নির্ভরশীল কোনো ব্যক্তিকে বুঝাইবে।

(৭) 'মার্জিন অর্থায়নকারী' উহার কোনো ডিলার হিসাব বা নিজস্ব পোর্টফোলিও (own portfolio) হিসাব, তাহা যে নামেই অভিহিত হোক না কেন, উহার এইরূপ কোনো নিজস্ব হিসাবে মার্জিন অর্থায়ন করিতে বা মার্জিন অর্থায়নের মাধ্যমে কোনো সিকিউরিটি ক্রয় করিতে পারিবে না।

৬। **মার্জিন চুক্তি সম্পাদন (margin agreement)।-** (১) মার্জিন অর্থায়নকারী এবং গ্রাহকের মধ্যে সরকার নির্ধারিত মূল্যের স্ট্যাম্পে যথাযথভাবে একটি মার্জিন চুক্তি সম্পাদন ব্যাতিরেকে কোনো মার্জিন হিসাব খোলা, পরিচালনা বা মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(২) স্বাভাবিক ফন্ট সাইজ ও প্যারা অনুসরণপূর্বক সহজে বোধগম্য ও সাবলিল বাংলা ভাষায় মার্জিন চুক্তি প্রস্তুত করিতে হইবে। উহাতে আবশ্যিকভাবে অস্পষ্টতা, দুর্ভেদ্য শব্দ বা লিখনশৈলী পরিহার করিতে হইবে;

(৩) উপ-বিধি (১) এর অধীন সম্পাদিত মার্জিন চুক্তিতে, অন্যান্য বিষয় বা শর্তাবলীর মধ্যে অন্তত:, এই বিধিমালার **"তফসিল-ক"** তে বর্ণিত বিষয় ও শর্তাবলী আবশ্যিকভাবে উল্লেখ করিতে হইবে;

(৪) মার্জিন চুক্তির মেয়াদ হইবে ০১ (এক) বছর, যা উভয় পক্ষের সম্মতিতে নবায়ন করা যাইবে;

(৫) মার্জিন চুক্তির মেয়াদান্তে, 'মার্জিন অর্থায়নকারী' উহার সংশ্লিষ্ট গ্রাহকের মার্জিন হিসাব বিধি ৯ মোতাবেক সমন্বয় করিতে পারিবে;

(৬) কোনো মার্জিন অর্থায়নকারী কোনো গ্রাহককে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পূর্বনির্ধারিত আয় প্রদানের নিশ্চয়তা প্রদান করিবে না;

(৭) মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহকের নিয়মিত আয় যাচাই করত: মার্জিন অর্থায়ন করিবে;

(৮) উপবিধি (৭) পরিপালনের নিমিত্ত মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহকের আয় বা বেতন বিবরণী, ব্যাংক স্টেটমেন্ট বা সনদ, TIN ইত্যাদি যাচাই করিতে পারিবে;

(৯) কোনো ছাত্র-ছাত্রী, গৃহিনী বা অবসরপ্রাপ্ত ব্যক্তির আর্থিক সক্ষমতা ও উহার সুরক্ষা বিবেচনায় মার্জিন অর্থায়ন করা যাইবে না।

**৭। মার্জিন সংরক্ষণ ও মার্জিন অর্থায়ন (margin preservation and margin financing)**
।- (১) মার্জিন অর্থায়নকারী কোনো গ্রাহকের কোনো মার্জিন হিসাবে মার্জিন অর্থায়ন করিবার পূর্বে নিশ্চিত হইবেন যে, উহার বিপরীতে যথাপ্রয়োজনীয় মার্জিন সংরক্ষণ করা হইয়াছে;

(২) গ্রাহকের মার্জিন হিসাবে জমাকৃত অর্থ এবং উক্ত হিসাবে ক্রয়কৃত, জমাকৃত, স্থানান্তরিত বা অন্য কোনো বৈধ পন্থায় অর্জিত মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটিকে 'মার্জিন' হিসেবে গণ্য করা হইবে;

(৩) এই বিধিমালায় যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, মার্জিন অর্থায়নকারী কোনো চেক, পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর নগদায়ন নিশ্চিত না করিয়া উহাকে 'মার্জিন' হিসেবে গণ্য করিবে না, বা উহাদের বিপরীতে বা মাধ্যমে কোনো হিসাবে কোনো সিকিউরিটিজ ক্রয় করিবে না:

তবে শর্ত থাকে যে, কোনো কারণে মার্জিন অর্থায়নকারী কর্তৃক গৃহীত চেক, পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট গৃহীতব্য দিনের মধ্যে নগদায়ন সম্ভবপর না হইলে অব্যবহিত পরের দিনের (কর্মদিবস) মধ্যে উহা নগদায়ন করিতে হইবে;

(৪) উপবিধি (৩) এর শর্তানুযায়ী চেক নগদায়ন সম্ভবপর না হইলে মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট হিসাব সমন্বয়ের নিমিত্ত, গ্রাহককে কোনো নোটিশ প্রদান ব্যতিরেকে, উক্ত চেক, পে-অর্ডার বা ব্যাংক ড্রাফটের বিপরীতে ক্রয়কৃত সমুদয় সিকিউরিটিজ, বা হিসাব সমন্বয়ের নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ, অবিলম্বে আবশ্যিকভাবে বিক্রয় করিবে;

(৫) এই বিধিমালায় যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটিজ ক্রয় ব্যতিত অন্য কোনো উদ্দেশ্যে মার্জিন অর্থায়নকৃত 'অর্থ' ব্যবহার, বা কোনো ভাবেই নগদ (cash) উত্তোলন বা স্থানান্তর করা যাইবে না;

(৬) কোনো মার্জিন অর্থায়নকারী কোনো অবস্থাতে বা কোনো ভাবে কোনো মার্জিন হিসাবে এই বিধি অনুযায়ী গ্রাহকের ইক্যুইটি (equity) এর অধিক পরিমাণ (অর্থাৎ ইক্যুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:১ এর অধিক) মার্জিন অর্থায়ন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালায় যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, কোনো সময় কোনো স্টক এক্সচেঞ্জ-এর মূল বোর্ডের ইক্যুইটি সিকিউরিটিজের চলতি বাজার মুলধন (market capital) উক্ত বোর্ডে তালিকাভূক্ত কোম্পানিসমূহের পরিশোধিত মূলধনের ৭ (সাত) গুণ বা উহার অধিক হইলে, মার্জিন অর্থায়নে গ্রাহকের ইক্যুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:০.৫ এর অধিক হইবে না:

আরো শর্ত থাকে যে, উক্ত চলতি বাজার মুলধন (market capital) তালিকাভূক্ত কোম্পানিসমূহের পরিশোধিত মূলধনের ৭ (সাত) গুণে পৌঁছায়লে, স্টক এক্সচেঞ্জ অবিলম্বে প্রজ্ঞাপন জারি করত: ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(৭) কোনো গ্রাহকের মার্জিন হিসাবে মার্জিন অর্থায়ন পরবর্তী কোনো সময়ে, সিকিউরিটি বা পোর্টফোলিও মূল্য বৃদ্ধি বা অনার্জিত আয় (unrealized gain) ভিত্তিক পুন: মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, প্রদত্ত মার্জিন অর্থায়ন সমন্বয়পূর্বক বা গ্রাহকের পোর্টফোলিওতে সংরক্ষিত সমূদয় বা প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ বিক্রয়লব্ধ আয় (realized gain) বিবেচনায় পুন: মার্জিন অর্থায়ন করা যাইবে।

(৮) এই বিধিমালায় যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, কোনো মার্জিন অর্থায়নকারী কোনো অবস্থাতে বা কোনো ভাবে উহার প্রকৃত মূলধন (core capital) বা নিট সম্পদ (net worth)-এর ৩ (তিন) গুনের অধিক 'মার্জিন অর্থায়ন' করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পূর্বে কোনো মার্জিন অর্থায়নকারী যদি এই উপবিধি প্রদত্ত সীমার অধিক মার্জিন অর্থায়ন করিয়া থাকে, তাহা হইলে উহা তৎপরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে স্বীয় মার্জিন অর্থায়ন এমনভাবে সমন্বয় করিবে, যেন উপবিধি (৮) যথাযথভাবে পরিপালিত হয়।

**৮। মার্জিন অর্থায়নকারী নিজস্ব নীতিমালা (own policy) ।-** (১) মার্জিন অর্থায়নকারী মার্জিন সংরক্ষণ, অর্থায়ন ও রক্ষণাবেক্ষণ বিষয়ে, নিম্নবর্ণিত ঝুঁকিসমূহ নিরসন করিবার পন্থাসমূহ উল্লেখপূর্বক, উহার পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে, নিজস্ব একটি রক্ষণশীল (conservative) নীতিমালা, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ০৬ (ছয়) মাসের মধ্যে প্রণয়ন ও তাহা যথাযথভাবে অনুসরণ করিবে:

(ক) প্রাতিষ্ঠানিক বা মার্জিন অর্থায়নকারীর ঝুঁকি (enterprise risk);

(খ) গ্রাহকের ঝুঁকি (credit risk);

(গ) মার্কেট ঝুঁকি (market risk);

(ঘ) পদ্ধতিগত বা ব্যবস্থাগত ঝুঁকি (systematic risk): যেই সকল ঝুঁকি পুরো আর্থিক ব্যবস্থাকে প্রভাবিত করিয়া থাকে;

(ঙ) স্বার্থের দ্বন্ধ (conflict of interest); ইত্যাদি।

(২) 'মার্জিন অর্থায়নকারী' নিম্নবর্ণিত বিষয়াবলীও উক্ত নীতিমালায়, রক্ষণশীল (conservative) নীতিতে, অন্তর্ভূক্ত বা বিবেচনা করত: নিজ প্রতিষ্ঠানে প্রবর্তন করিতে পারিবে, যথা:

(ক) বিধি ৭-এ বর্ণিত আর্থিক সক্ষমতা ও গ্রাহকের ধরণ ইত্যাদি বিবেচনাপূর্বক কোনো গ্রাহকের মার্জিন অর্থ প্রাপ্যতা ও প্রাপ্যতার হার নির্ধারণ ও প্রবর্তন;

(খ) বিধি ৯-এ বর্ণিত মার্জিন অর্থায়ন ও ইক্যুইটির অনুপাত বজায় রাখিবার নিমিত্ত মার্জিন তলব ও ন্যূনতম মার্জিন সংরক্ষণ সংক্রান্ত নীতি প্রণয়ন ও প্রবর্তন;

(গ) বিধি ১০-এ বর্ণিত সিকিউরিটিজসমূহ হইতে মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটিজের তালিকার নীতি প্রণয়ন ও প্রবর্তন;

(ঘ) বিধি ১১-এ বর্ণিত আবশ্যিকভাবে পরিপালনীয় বিধি-নিষেধ বা শর্তাবলী বিবেচনা করা;

(ঙ) বিধি ১২-এ বর্ণিত বিবেচ্য অন্যান্য বিষয়সমূহ বিবেচনা করা;

(চ) বিধি ১৬-এ বর্ণিত একক গ্রাহকের মার্জিন অর্থায়ন সীমা (single client exposure limit) নির্ধারণ ও প্রবর্তন;

(ছ) বিধি ১৭-এ বর্ণিত একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন সীমা (single security exposure limit) নির্ধারণ ও প্রবর্তন; ইত্যাদি।

(৩) 'মার্জিন অর্থায়নকারী' উহার গ্রাহকের পোর্টফোলিও ভিত্তিতে নিম্নবর্ণিতভাবে বা রক্ষণশীল (conservative) নীতিতে, মার্জিন অর্থায়ন অনুপাত নির্ধারণ করিতে পারিবে:

(ক) গ্রাহকের পোর্টফোলিও ৫ (পাঁচ) লক্ষ টাকা বা উহার অধিক হইলে, তবে ১০ (দশ) লক্ষ টাকার কম হইলে, গ্রাহকের ইক্যুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১: ০.৫ এর অধিক হইবে না;

(খ) গ্রাহকের পোর্টফোলিও ১০ (দশ) লক্ষ টাকা বা উহার অধিক হইলে গ্রাহকের ইক্যুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১: ১ এর অধিক হইবে না;

(৪) এইরূপ নিজস্ব নীতিমালা প্রয়োগ ও বাস্তবায়নের নিমিত্ত ন্যূনতম দুই সদস্য বিশিষ্ট একটি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নকারীর পরিচালনা পর্ষদের ন্যুনতম একজন সদস্যকে অন্তর্ভূক্ত না করিয়া এইরূপ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করা যাইবে না:

আরো শর্ত থাকে যে, সংশ্লিষ্ট মার্জিন অর্থায়নকারীর উদ্যোক্তা প্রতিষ্ঠানের কোনো পরিচালক বা উহা কর্তৃক মনোনীত কোনো পরিচালনা পর্ষদের সদস্য বা কোনো প্রতিনিধিকে, যদি থাকে, কোনো ভাবেই ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিতে অন্তর্ভূক্ত করা যাইবে না।

(৫) এই বিধিতে যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, এইরূপ নিজস্ব নীতিমালা সম্পর্কে গ্রাহককে পূর্বেই পরিষ্কারভাবে অবহিত করিতে হইবে।

(৬) এই বিধিমালায় যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, মার্জিন অর্থায়নকারী উহার রক্ষণশীল (conservative) নীতিমালা প্রণয়নে এই বিধিমালার সহিত সাংঘর্ষিক কোনো নীতি বা শর্ত আরোপ এবং উহার মার্জিন চুক্তিতে এমন কোনো সাংঘর্ষিক শর্ত আরোপ করিতে পারিবে না। যদি সাংঘর্ষিক হয়, তাহা হইলে এই বিধিমালা প্রাধান্য পাইবে।

৯। **মার্জিন তলব (margin call) ও আবশ্যিকভাবে বিক্রয় ।-** (১) কোনো মার্জিন হিসাবে সার্বক্ষণিক 'সংরক্ষিতব্য মার্জিন (maintenance margin)' হিসেবে গ্রাহকের ইক্যুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৭৫ ভাগ (৭৫%) বা উহার পোর্টফোলিও মূল্য (portfolio value) মার্জিন অর্থায়নের শতকরা ১৭৫ ভাগের (১৭৫%) কম হইবে না;

(২) কোনো কারণে বা কোনো সময় যদি কোনো গ্রাহকের 'ইক্যুইটি' বা 'পোর্টফোলিও মূল্য', উপবিধি (১) এ বর্ণিত শতকরা হারের নিচে নামিয়া যায়, তাহা হইলে 'মার্জিন অর্থায়নকারী' তা সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট গ্রাহককে দ্রুততার সহিত মার্জিন তলব (margin call) করিবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ মার্জিন তলব লিখিত বা সংশ্লিষ্ট গ্রাহকের নিবন্ধিত ই-মেইল ঠিকানা ও মোবাইল নম্বরে যথাক্রমে ইমেইল ও এসএমএস (SMS) মাধ্যমে প্রদান করিতে হইবে;

(৩) এইরূপ পর পর ৩ (তিন) টি মার্জিন তলব করিবার পরও যদি কোনো গ্রাহক উপবিধি-(১) মোতাবেক প্রয়োজনীয় মার্জিন জমা দানে ব্যর্থ হন বা বিরত থাকেন, বা তাহার ইক্যুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৭৫ ভাগ (৭৫%) বা তাহার পোর্টফোলিও মূল্য মার্জিন অর্থায়নের শতকরা ১৭৫ ভাগের (১৭৫%) উন্নীত করিতে বা সংরক্ষণ করিতে ব্যর্থ হন, তবে 'মার্জিন অর্থায়নকারী' সংশ্লিষ্ট গ্রাহককে ৭ (সাত) দিনের নোটিশ প্রদান করত: সংশ্লিষ্ট গ্রাহকের মার্জিন হিসাব সমন্বয়ের নিমিত্ত, উক্ত হিসাবে রক্ষিত প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ বিক্রয় করিতে পারিবে;

(৪) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, যদি কোনো গ্রাহকের ইক্যুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৫০ ভাগ (৫০%) বা তাহার পোর্টফোলিও মূল্য মার্জিন অর্থায়নের শতকরা ১৫০ ভাগ (১৫০%) বা উহার কম হয়, তাহা হইলে 'মার্জিন অর্থায়নকারী' সংশ্লিষ্ট গ্রাহকের হিসাব সমন্বয়ের নিমিত্ত, গ্রাহককে কোনো নোটিশ প্রদান ব্যতিরেকে, উক্ত হিসাবে রক্ষিত প্রয়োজনীয় সংখ্যক বা সমুদয় সিকিউরিটিজ আবশ্যিকভাবে বিক্রয় করিবে;

(৫) উপ বিধি (৪) মোতাবেক 'মার্জিন অর্থায়নকারী' আবশ্যিকভাবে বিক্রয় করিতে বা কোনো মার্জিন হিসাব সমন্বয় করিতে অবহেলা করিলে, উদ্ভূত দায়-দায়িত্ব মার্জিন অর্থায়নকারীর উপর বর্তাইবে।

১০। **মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি (margin financeable security)** ।-(১) মার্জিন অর্থায়নকারী স্টক এক্সচেঞ্জের মূল বোর্ড (main board)-এ তালিকাভুক্ত 'A' এবং 'N' ক্যাটাগরি সাধারণ শেয়ারসমূহ ব্যতিত অন্য কোন সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, স্টক এক্সচেঞ্জে ট্রেডিং শুরুর ন্যূনতম ৯০ (নব্বই) ট্রেডিং দিবস অতিবাহিত না হইলে 'N' ক্যাটাগরির কোনো শেয়ার ক্রয়ের নিমিত্ত মার্জিন অথায়ন করা যাইবে না:

আরও শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নকৃত কোন 'A' এবং 'N' ক্যাটাগরির কোনো শেয়ার বা সিকিউরিটি পরবর্তীতে স্টক এক্সচেঞ্জ কর্তৃক 'B', বা 'Z' ক্যাটাগরিতে রূপান্তরিত হইলে, মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহককে নোটিশ প্রদান করত: নোটিশ সময়ের তৎপরবর্তী ৫ (পাঁচ) ট্রেডিং দিবসের মধ্যে উক্ত সিকিউরিটিজ আবশ্যিকভাবে বিক্রয় করিয়া উহা সমন্বয় করিবে, বা গ্রাহকের নগদ হিসাবে (cash account) স্থানান্তর করিবে:

আরও শর্ত থাকে যে, বিধি ৯ এর উপবিধি (১) এর বিধান মোতাবেক সংরক্ষিতব্য মার্জিন সংরক্ষণ না করিয়া গ্রাহকের নগদ হিসাবে কোনো সিকিউরিটিজ স্থানান্তর করা যাইবে না;

(২) উপবিধি (১) এ যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, স্টক এক্সচেঞ্জ এর SME, ATB বা OTC বোর্ডে তালিকাভুক্ত কোনো সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করা যাইবে না;

১১। **বিধি-নিষেধ (prohibitions)**।- এই বিধিমালায় যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, কোনো 'মার্জিন অর্থায়নকারী' নিম্নোক্ত বিধি-নিষেধ বা শর্তাবলী আবশ্যিকভাবে পরিপালন না করিয়া কোন মার্জিন অর্থায়ন করিতে পারিবে না, যথা:

(১) কোনো গ্রাহকের কোনো হিসাবে পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটিজে, মার্জিন অর্থায়ন দিবসের অব্যবহিত পূর্বের ০১ (এক) বছর গড়ে, ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকার বিনিয়োগ না থাকিলে, উক্ত হিসাবে মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নের পর কোনো মার্জিন হিসাবে (margin account) মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি ব্যতিত অন্য কোনো সিকিউরিটি সংরক্ষণ করা যাইবে না।

(২) উপবিধি (১) পরিপালন সাপেক্ষে, মার্জিন অর্থায়ন দিবসে উক্ত হিসাব বা পোর্টফোলিওতে ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকা বা সমমূল্যের 'মার্জিন' সংরক্ষিত না থাকিলে, কোনো ভাবেই, উক্ত হিসাবে মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, বিদ্যমান গ্রাহকের মার্জিন হিসাবে ৫ (পাঁচ) লক্ষ টাকার কম পোর্টফোলিও মূল্য বা বিনিয়োগ থাকিলে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশের ১ (এক) বছরের মধ্যে উক্ত পোর্টফোলিও ৫ (পাঁচ) লক্ষ টাকায় উন্নীত করিতে হইবে, নতুবা মার্জিন অর্থায়নকারী উল্লিখিত গ্রাহকের মার্জিন হিসাব সমন্বয় করত: হিসাব বন্ধ করিবে;

(৩) মার্জিন অর্থায়নের জন্য বিবেচ্য সিকিউরিটির উন্মুক্ত বাজার মূলধন (free float market capital) ন্যূনতম ৫০ (পঞ্চাশ) কোটি টাকা না হইলে উহাতে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নকৃত কোন সিকিউরিটি'র উন্মুক্ত বাজার মূলধন (free float market capital) পরবর্তীতে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) কোটি টাকার নিচে নামিয়া গেলে মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহককে নোটিশ প্রদান করত: নোটিশ সময়ের তৎপরবর্তী ৫ (পাঁচ) ট্রেডিং দিবসের মধ্যে উক্ত সিকিউরিটিজ আবশ্যিকভাবে বিক্রয় করিয়া উহা সমন্বয় করিবে বা গ্রাহকের নগদ হিসাবে স্থানান্তর করিবে:

আরও শর্ত থাকে যে, বিধি ৯ এর উপবিধি (১) এর বিধান মোতাবেক সংরক্ষিতব্য মার্জিন সংরক্ষণ না করিয়া গ্রাহকের নগদ হিসাবে কোনো সিকিউরিটিজ স্থানান্তর করা যাইবে না:

আরও শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নের জন্য বিবেচ্য সিকিউরিটির উন্মুক্ত বাজার মূলধন (free float market capital) নির্ধারণের সুবিধার্থে স্টক এক্সচেঞ্জ, সময় সময়, উহা নির্ধারণ করত: উহার ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করিবে;

(৪) মার্জিন অর্থায়নের জন্য বিবেচ্য সিকিউরিটির পূর্ববর্তী মূল্য-আয় [trailing P/E (price earning)] অনুপাত ৩০ (ত্রিশ) এর অধিক হইলে উহাতে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, উক্ত মূল্য-আয় অনুপাত (P/E) অনুপাত ৩০ (ত্রিশ) বা খাতভিত্তিক (sectoral) মূল্য-আয় (P/E) অনুপাত, যাহা কম হয়, তাহার ভিত্তিতে মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি নির্বাচন করিতে হইবে;

(৫) মার্জিন অর্থায়নের জন্য পূর্ববর্তী মূল্য-আয় অনুপাত নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত পন্থা অবলম্বন করিতে হইবে:

পূর্ববর্তী মূল্য-আয় অনুপাত (trailing P/E ratio) = সিকিউরিটির সর্বশেষ ট্রেডিং দিবসের সমাপনী মূল্য (closing price) / সর্বশেষ ধারাবাহিক ০৪ (চার) প্রান্তিকের শেয়ার প্রতি আয় [EPS (Earning Per Share)] এর যোগফল:

তবে শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নের জন্য বিবেচ্য সিকিউরিটি নির্ধারণের সুবিধার্থে স্টক এক্সচেঞ্জ, সময় সময়, মূল্য-আয় অনুপাত (P/E Ratio) নির্ধারণ এবং তাহা উহার ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করিবে;

(৬) কোনো সিকিউরিটি ইস্যুয়ার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে নিরীক্ষক কর্তৃক 'qualified opinion on material misstatement' বা 'going concern threat' বা এইরূপ ঝুঁকি উল্লেখ থাকিলে, উক্ত সিকিউরিটি বা ইস্যুয়ার কোম্পানির শেয়ার ক্রয়ের নিমিত্ত কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(৭) কোনো সিকিউরিটি ইস্যুয়ার কোম্পানির কার্যক্রম (operation) বা ব্যবস্থাপনা কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ থাকিলে, উক্ত সিকিউরিটি বা ইস্যুয়ার কোম্পানির শেয়ার ক্রয়ের নিমিত্ত কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(৮) কোনো স্টক এক্সচেঞ্জ কর্তৃক উহার তালিকাভুক্ত কোনো সিকিউরিটিকে 'B', 'Z', ও 'G', ক্যাটাগরিভুক্ত করা হইলে উহাদিগতে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(৯) কোনো স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় বা অ-তালিকাভুক্ত কোনো সিকিউরিটিতে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(১০) কোনো স্টক এক্সচেঞ্জের SME, ATB বা OTC বোর্ডে তালিকাভূক্ত সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(১১) মার্জিন অর্থায়নকারী বা উহার উদ্যোক্তা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্ত বা অতালিকাভুক্ত কোনো সিকিউরিটিতে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে,  গ্রাহকের নিজস্ব তহবিল বা জমাকৃত অর্থে উক্ত সিকিউরিটি ক্রয়ের ক্ষেত্রে এই বাধা-নিষেধ প্রযোজ্য হইবে না।

(১২) কোনো পাবলিক অফারে অংশ গ্রহণের নিমিত্ত কোনো মার্জিন হিসাবধারীর অনুকূলে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(১৩) কোনো ব্যক্তি কোনো তালিকাভুক্ত কোম্পানির কর্তৃত্ব গ্রহণ (take-over) বা উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অধিগ্রহণের নিমিত্ত 'মার্জিন অর্থ' ব্যবহার করিয়া উক্ত কোম্পানির কোনো শেয়ার ক্রয় করিতে পারিবে না;

(১৪) কোনো ব্যক্তি কোনো তালিকাভুক্ত কোম্পানির পরিচালক হওয়ার নিমিত্ত 'মার্জিন অর্থ' ব্যবহার করিয়া উক্ত কোম্পানির কোনো শেয়ার ক্রয় করিতে পারিবে না;

(১৫) কোনো ব্যক্তি উহার কোনো মার্জিন হিসাবে, মার্জিন অর্থায়নের মাধ্যমে ক্রয়কৃত, কোনো শেয়ার ধারণ বা ব্যবহার করিয়া কোনো তালিকাভুক্ত কোম্পানির পরিচালক হইতে পারিবে না;

(১৬) কোনো তালিকাভুক্ত কোম্পানির কোনো পরিচালককে, কোনো অবস্থাতেই, স্বীয় কোম্পানির কোনো শেয়ার ক্রয়ের নিমিত্ত মার্জিন অর্থায়ন করা যাইবে না; এবং

(১৭) এই বিধিমালায় যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, কোনো অবস্থাতেই গ্রাহকের লককৃত (locked-in) বা বন্ধকীকৃত (liened) বা আবদ্ধকৃত (blocked) বা কোনো তালিকাভুক্ত কোম্পানির পরিচালক কর্তৃক ধারণকৃত (directors' shares) কোনো শেয়ার বা সিকিউরিটিকে 'মার্জিন' হিসেবে জমা রাখিয়া কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না।

১২। **বিবেচ্য বিষয়সমূহ (factors to be considered)**। -কোনো 'মার্জিন অর্থায়নকারী' কোনো গ্রাহকের অনুকূলে মার্জিন অর্থায়নের ক্ষেত্রে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করিবে, যথা:
(ক) বিনিয়োগ নিরাপত্তা;
(খ) সিকিউরিটির মৌল ভিত্তিসমূহ ও মৌলিক বিষয়সমূহ (fundamentals):
(গ) সিকিউরিটির তারল্য ও বিক্রয়যোগ্যতা:
(ঘ) গ্রাহকের যুক্তিসঙ্গত ও নিয়মিত আয়;
(ঙ) মূলধন প্রবৃদ্ধি (capital appreciation);
(চ) ঝুঁকির উপাদানসমূহ (risk factors):
(ছ) করারোপের প্রভাব;
(জ) সিকিউরিটির বাজারমূল্য প্রবণতা (price trend); ইত্যাদি।

১৩। **গবেষণা দল (research team)**। (১) 'মার্জিন অর্থায়নকারী' মার্জিন অর্থায়ন সংক্রান্ত বিষয়ে গ্রাহকের ঝুঁকি এবং স্বীয় প্রাতিষ্ঠানিক ঝুঁকি এড়াইতে, ন্যূনতম দুই সদস্য বিশিষ্ট, একটি গবেষণা দল (research team) গঠন ও তা সার্বক্ষণিক কার্যকর রাখিবে;

(২) কোনো ব্যক্তির পুঁজিবাজারে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ সিএফএ, সিএ বা সিএমএ সনদ বা হিসাব বিজ্ঞান, ফিন্যান্স, ব্যবসা প্রশাসন, পরিসংখ্যান, অর্থনীতি, গণিত বা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি না থাকিলে, তাহাকে গবেষণা দলের সদস্য হিসেবে মনোনয়ন করা যাইবে না।

(৩) গবেষণা দল স্বাধীন ও নিরপেক্ষতার সহিত উহার কার্যক্রম সম্পাদন করিবে।

১৪। **মার্জিন অর্থায়ন (margin financing)** ।- (১) 'মার্জিন অর্থায়নকারী' স্বীয় বিবেচনায় গ্রাহক ভিত্তিক মার্জিন অর্থায়ন সীমা নির্ধারণ করিতে পারিবে। উক্ত সীমা কোনো ভাবেই বিধি ৭ এর উপবিধি (৬) এ বর্ণিত সীমার অধিক হইবে না;

(২) 'মার্জিন অর্থায়নকারী' মার্জিন অর্থায়নের বিপরীতে গ্রাহকের নিকট হইতে, ত্রৈমাসিক ভিত্তিতে, নির্ধারিত সুদ বা মুনাফা ও অন্যান্য চার্জ, যদি থাকে, নগদে (in cash) বা প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ বিক্রয় করিয়া আদায় করিবে। এইরূপ নিয়ম-নীতিসমূহ, সময় সময়, সুস্পষ্টভাবে গ্রাহককে অবহিত করিবে:

(৩) উপবিধি (২) এর অধীন আদায়যোগ্য বা বকেয়া সুদ বা মুনাফা বা অন্যান্য চার্জ মার্জিন অর্থায়ন (capitalized) হিসাবে বিবেচনা করা যাইবে না:

(৪) বিধি ৯ এর উপবিধি (৪) মোতাবেক আবশ্যিকভাবে বিক্রয় না করিবার কারণে উদ্ভূত কোনো ক্ষতি বা দায় মার্জিন অর্থায়ন হিসাবে বিবেচনা করা যাইবে না এবং উহা কোনো ভাবেই গ্রাহক হইতে আদায় বা সমন্বয় করা যাইবে না।

(৫) কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে 'মার্জিন অর্থায়নকারী' ইসলামিক শরিয়াহ ভিত্তিক মার্জিন অর্থায়ন পদ্ধতি প্রবর্তন করিতে পারিবে।

১৫। **পোর্টফোলিওমূল্য বা সিকিউরিটির বাজারমূল্য নির্ধারণ** (determining the portfolio value or market value of securities)।-'মার্জিন অর্থায়নকারী' মার্জিন তলব, সমন্বয় বা ইক্যুইটি নির্ধারণের ক্ষেত্রে ট্রেডিং দিবস শেষে গ্রাহকের পোর্টফোলিওতে রক্ষিত সিকিউরিটিজের সমাপনী বাজার মূল্যের (closing price) উপর ভিত্তি করিয়া পোর্টফোলিও'র মূল্য নিরূপণ করিবে।

১৬। **একক গ্রাহকের মার্জিন অর্থায়ন সীমা** (single client exposure limit)।–কোনো 'মার্জিন অর্থায়নকারী' উহার প্রকৃত মূলধন (core capital) বা নিট সম্পদ (net worth)-এর ১৫% বা ১০ (দশ) কোটি টাকা, যাহা কম হয়, তাহার অধিক কোনো একক গ্রাহককে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশের ১ (এক) বছরের মধ্যে বিদ্যমান কোনো একক গ্রাহকের মার্জিন অর্থায়ন সীমা এই বিধি মোতাবেক সমন্বয় করিতে হইবে।

১৭। **একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন সীমা (single security exposure limit) ।-** কোনো 'মার্জিন অর্থায়নকারী' উহার মোট মার্জিন অর্থায়নের (total outstanding of the margin financing) ১৫% এর অধিক কোনো একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশের ১ (এক) বছরের মধ্যে বিদ্যমান একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন সীমা এই বিধি মোতাবেক সমন্বয় করিতে হইবে।

১৮। **সিকিউরিটির হেফাজতকারী (custodian of security)**।-(১) 'মার্জিন অর্থায়নকারী' গ্রাহকের মার্জিন হিসাবে রক্ষিত সিকিউরিটিজ ও অর্থের হেফাজতকারী (custodian) হিসাবে দায়িত্ব পালন করিবে। উহা গ্রাহক কর্তৃক জমাকৃত 'অর্থ' গ্রাহকের হিসাবে (client account) এবং ক্রয়কৃত বা স্থানান্তরিত 'সিকিউরিটিজ' গ্রাহকের BO (beneficial owner) হিসাবে সংরক্ষণ করিবে;

(২) 'মার্জিন অর্থায়নকারী' ঋণ গ্রহণের নিমিত্ত বা কোনো ভাবেই উহার কোনো গ্রাহকের কোনো সিকিউরিটি লিয়েন (lien) বা বন্ধক রাখিবে না বা অন্য কোনো ভাবে গ্রাহকের সিকিউরিটিজ বা অর্থ ব্যবহার করিবে না;

(৩) 'মার্জিন অর্থায়নকারী' গ্রাহকের বিনিয়োগের সহিত নিজের বিনিয়োগ, ডিলার বা নিজস্ব পোর্টফোলিও (own portfolio) হিসাব, যে নামেই পরিচালিত হোক না কেন, একীভূত করিবে না;

(৪) 'মার্জিন অর্থায়নকারী' উহার গ্রাহক হিসাব, ডিলার বা নিজস্ব পোর্টফোলিও হিসাব, যে নামেই পরিচালিত হোক না কেন, এতদ্‌সংক্রান্ত সকল লেনদেন, উহার গ্রাহকের তহবিল, সিকিউরিটিজ ও সকল তথ্যাবলী লেনদেন-ক্রমানুযায়ী (transaction-wise) ডিজিটাল মাধ্যমে (un-editable back-office system) স্বচ্ছ, কার্যকর, প্রয়োগিক ও গ্রাহক-ভিত্তিক পৃথকভাবে সংরক্ষণ করিবে:

তবে শর্ত থাকে যে, ডিজিটাল মাধ্যম (un-editable back-office system)-এ সংরক্ষিত এইরূপ তথ্য, উপাত্ত ও ডাটার (data) যথাযথ ব্যাকআপ (back-up)-সহ সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে।

## তৃতীয় অধ্যায়
## তথ্য সরবরাহ, হিসাব বন্ধকরণ, প্রভিশন ও অভিযোগ ইত্যাদি।

১৯। **তথ্য দাখিল (information submission)** ।– (১) 'মার্জিন অর্থায়নকারী' কমিশন বা স্টক এক্সচেঞ্জের চাহিদা, সময় মোতাবেক মার্জিন ঋণ সংক্রান্ত তথ্য অনলাইনে (online system) আপলোড বা দাখিল করিবে। কমিশন বা স্টক এক্সচেঞ্জ, উক্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ করত: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) উপবিধি (১) অনুযায়ী অনলাইন সিস্টেম চালু হওয়ার পূর্বে, 'মার্জিন অর্থায়নকারী' কোনো স্টক এক্সচেঞ্জের ট্রেকধারী বা কোনো স্টক-ব্রোকার হইলে, উহা কমিশন বা স্টক এক্সচেঞ্জ নির্ধারিত পদ্ধতি, চাহিদা ও সময় মোতাবেক মার্জিন ঋণ সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের নিকট দাখিল করিবে। স্টক এক্সচেঞ্জ, উক্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ করত: তা প্রতিবেদন (summary) আকারে কমিশনের নিকট দাখিল করিবে।

(৩) উপবিধি (১) অনুযায়ী অনলাইন সিস্টেম চালু হওয়ার পূর্বে, 'মার্জিন অর্থায়নকারী' কোনো মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার হইলে, উহা কমিশন নির্ধারিত পদ্ধতি, চাহিদা ও সময় মোতাবেক মার্জিন ঋণ সংক্রান্ত তথ্য কমিশনের নিকট দাখিল করিবে।

(৪) এই বিধিতে যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, 'মার্জিন অর্থায়নকারী' উহার বৃহৎ ২০ (বিশ) গ্রাহক (top 20 clients) এর মার্জিন ঋণ সংক্রান্ত তথ্য, কমিশন বা স্টক এক্সচেঞ্জের নির্ধারিত পদ্ধতি মোতাবেক, ত্রৈমাসিক ভিত্তিতে, সংশ্লিষ্ট ত্রৈমাসিক সমাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে, স্টক-ব্রোকার হইলে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে, এবং মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার হইলে কমিশনে, দাখিল করিবে।

**২০। পরিদর্শন (inspection)।**– (১) অন্য কোনো বিধি বা বিধিমালায় যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, এই বিধিমালার যথাযথ প্রয়োগ (compliance) নিশ্চিত করিবার লক্ষ্যে, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ, বছরে ন্যূনতম একবার, উহার প্রত্যেক মার্জিন অর্থায়নকারী স্টক-ব্রোকারকে পরিদর্শন করিবে;

(২) উপবিধি (১)-এর উদ্দেশ্য পূরণকল্পে, স্টক এক্সচেঞ্জ লিখিত আদেশ দ্বারা, উহার কোনো কর্মকর্তাকে পরিদর্শক হিসেবে নিয়োগ করিতে পারিবে;

(৩) এই বিধিমালার যথাযথ প্রয়োগ (compliance) নিশ্চিত করিবার লক্ষ্যে, কমিশন, কোনো মার্জিন অর্থায়নকারীকে পরিদর্শনের নিমিত্ত, লিখিত আদেশ দ্বারা, উহার কোনো কর্মকর্তা বা উপযুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পরিদর্শক হিসেবে নিয়োগ করিতে পারিবে;

(৪) এই বিধি মোতাবেক পরিদর্শন কর্মকর্তার চাহিদা অনুযায়ী সংশিষ্ট মার্জিন অর্থায়নকারী বা উহার পচািলক, কর্মকর্তা, নিরীক্ষক বা উহার মনোনীত কোনো ব্যক্তি তথ্য (information), উপাত্ত (documents) বা ব্যাখ্যা প্রদান এবং যৌক্তিক সহযোগিতা করিতে বাধ্য থাকিবে;

(৫) এই বিধি অনুযায়ী গঠিত পরিদর্শক দল বা পরিদর্শন কর্মকর্তা কর্তৃক পরিদর্শন (প্রতিবেদন প্রস্তুতসহ) সমাপ্তির ১৫ (পনের) দিবসের মধ্যে কমিশনের নিকট পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবে।

২১। **হিসাব বন্ধকরণ (closure of accounts)** ।– (১) গ্রাহকের নিকট হইতে নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কর্ম-দিবসের মধ্যে, 'মার্জিন অর্থায়নকারী' সংশ্লিষ্ট গ্রাহকের সকল বকেয়া ও দায় সমন্বয় করত: হিসাব বন্ধ করিবে এবং সংশ্লিষ্ট গ্রাহককে তার প্রাপ্য অর্থ ও সিকিউরিটিজ, যদি থাকে, ফেরৎ প্রদান করিবে।

(২) হিসাব বন্ধ পরবর্তীতেও যদি কোনো লভ্যাংশ, রাইট বা বোনাস ইস্যুর মাধ্যমে বা অন্য কোনো ভাবে, কোনো অর্থ বা সিকিউরিটির প্রাপ্তি ঘটে, তবে 'মার্জিন অর্থায়নকারী' তাহা গ্রাহককে প্রদানের নিমিত্ত একটি suspense account-এ সংরক্ষণ করিবে এবং যথারীতি দ্রুততার সহিত সংশ্লিষ্ট গ্রাহককে ফেরৎ প্রদান করিবে।

**২২। সঞ্চিতি (provisioning)।**- (১) নিরাপত্তামূলক ব্যবস্থা হিসেবে মার্জিন অর্থায়নকারী প্রতি হিসাববর্ষ শেষে উহার মোট মার্জিন অর্থায়ন (total outstanding amount)-এর ১% হারে সাধারণ সঞ্চিতি (general provision) সংরক্ষণ করিবে;

(২) অধিকন্তু, মার্জিন অর্থায়নকারী প্রতি হিসাববর্ষ শেষে একাউন্টিং পলিসি বা রিপোর্টিং স্ট্যান্ডার্ড (IFRS) অনুসরণপূর্বক, উহার জন্য প্রযোজ্য, বা উহার হিসাবে প্রয়োগযোগ্য বা সংরক্ষিতব্য, সঞ্চিতি (provision) যথাযথভাবে সংরক্ষণ করিবে।

২৩। **অভিযোগ ও প্রতিকার (complaints and remedies)**।- (১) ‘মার্জিন অর্থায়নকারী’র কোনো সিদ্ধান্ত, নীতি বা মার্জিন অর্থায়ন সংক্রান্ত অন্য কোনো বিষয়ে সংক্ষুব্ধ কোনো মার্জিন হিসাবধারী লিখিত বা ই-মেইল মাধ্যমে ‘মার্জিন অর্থায়নকারী’র নিকট অভিযোগ দাখিল করিতে পারিবে।

(২) ‘মার্জিন অর্থায়নকারী’ এইরূপ অভিযোগ প্রাপ্তির পর তাহা, উহার রেজিস্টারে লিপিবদ্ধ করিবে, অনধিক ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে তাহার প্রতিকার করিবে এবং অভিযোগকারীকে উহা লিখিত বা ই-মেইল মাধ্যমে জানাইয়া দিবে।

(৩) উপবিধি (২) অনুযায়ী সন্তুষ্ট না হইলে, অভিযোগকারী (গ্রাহক) সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে, ‘মার্জিন অর্থায়নকারী’ যদি স্টক-ব্রোকার হয়, নতুবা কমিশনে, লিখিত বা অনলাইনে (online system), অভিযোগ দাখিল করিতে পারিবে।

(৪) এইরূপ অভিযোগ প্রাপ্তির পর স্টক এক্সচেঞ্জ বা কমিশন যথাপ্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে এবং অভিযোগকারীকে উহা লিখিত বা ই-মেইল মাধ্যমে জানাইয়া দিবে।

(৫) উপবিধি (৪) অনুযায়ী সন্তুষ্ট না হইলে, অভিযোগকারী কমিশনে লিখিত বা অনলাইনে (online system) আপিল দায়ের করিতে পারিবে। এক্ষেত্রে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

২৪। **লঙ্ঘন (violation)** ।- এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘিত হইলে তাহা সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অধ্যাদেশ, ১৯৬৯ (১৯৬৯ সনের XVII নং), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের XV নং), সংশ্লিষ্ট বিধি ও প্রবিধান অনুযায়ী দণ্ডনীয় হইবে।

২৫। রহিতকরণ ও **হেফাজত (repeal and savings)**।- (১) প্রজ্ঞাপন No. BSEC/Section/CMRRCD/2001-43/…../PRD……/- dated…………- এর মাধ্যমে ১৯৯৯ সালের মার্জিন বিধিমালা রহিত করা সাপেক্ষে:

(ক) ) মার্জিন বিধিমালা, ১৯৯৯ অনুযায়ী গৃহীত বা সম্পাদিত যে-কোনো কার্যক্রম, গৃহীত কোনো ব্যবস্থা, দায়েরকৃত কোনো দরখাস্ত, আবেদন বা আপিল, রক্ষিত কোনো রেকর্ড বা দলিল দস্তাবেজ, পরিচালিত কোন তদন্ত, পেশকৃত কোনো তদন্ত প্রতিবেদন বা জারীকৃত কোনো আদেশ, নির্দেশ বা নোটিশ এমনভাবে বলবৎ থাকিবে, যেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ অনুযায়ী কৃত, গৃহীত, প্রদত্ত, দায়েরকৃত, জমাকৃত, রক্ষিত, পরিচালিত, পেশকৃত, জারীকৃত বা সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ কার্যকর হওয়ার পূর্বে যে কোনো মামলা, বিচার বা আইনি কার্যক্রম মার্জিন বিধিমালা, ১৯৯৯ অনুযায়ী পরিচালিত হইবে এবং সেইগুলো এমনভাবে বলবৎ থাকিবে যেন ১৯৯৯ সালের (মার্জিন) বিধিমালা রহিত হয়নি এবং ২০২৫ সালের বিধিমালা প্রণীত হয়নি;

(২) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ এতদ্বারা রহিত করা হইল:

(ক) উক্ত রহিত সত্ত্বেও সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ অনুযায়ী গৃহীত বা সম্পাদিত যে-কোনো কার্যক্রম, গৃহীত কোনো ব্যবস্থা, দায়েরকৃত কোনো দরখাস্ত, আবেদন বা আপিল, রক্ষিত কোনো রেকর্ড বা দলিল দস্তাবেজ, পরিচালিত কোন তদন্ত, পেশকৃত কোনো তদন্ত প্রতিবেদন বা জারীকৃত কোনো আদেশ, নির্দেশ বা নোটিশ এমনভাবে বলবৎ থাকিবে যেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ অনুযায়ী কৃত, গৃহীত, প্রদত্ত, দায়েরকৃত, জমাকৃত, রক্ষিত, পরিচালিত, পেশকৃত বা জারীকৃত বা সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ কার্যকর হওয়ার পূর্বে যে কোনো মামলা, বিচার বা আইনি কার্যক্রম সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ অনুযায়ী পরিচালিত হইবে এবং সেইগুলো এমনভাবে বলবৎ থাকিবে, যেন সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ রহিত হয়নি এবং ২০২৫ সালের বিধিমালা প্রণীত হয়নি;

**তফসিল -ক [বিধি ৬]**

**মার্জিন হিসাব পরিচালনায় মার্জিন অর্থায়নকারী ও গ্রাহকের মধ্যে সম্পাদিত ‘মার্জিন চুক্তি’**

১. চুক্তি নম্বর, তারিখ ও সম্পাদনের স্থান;

২. ‘মার্জিন অর্থায়নকারী’ চুক্তির ‘প্রথম পক্ষ’ এবং ‘মার্জিন অর্থ’ গ্রহীতা বা ‘গ্রাহক’ চুক্তির ‘দ্বিতীয় পক্ষ’ হিসেবে অবিহিত হইবে;

৩. চুক্তিতে উল্লিখিত পক্ষসমূহের পরিচিতি:

(১) ‘মার্জিন অর্থায়নকারী’র পরিচিতি, যথা:- নাম--, রেজিস্ট্রেশন নম্বর--, প্রধান কার্যালয়ের ঠিকানা--, ফোন নম্বর---, ইমেইল--, ইত্যাদি; এবং

(২) ‘মার্জিন অর্থ’ গ্রহীতা বা গ্রাহকের পরিচিতি, যথা:- নাম--, হিসাব নম্বর--, বিও হিসাব নম্বর--, ঠিকানা--, মোবাইল ফোন নম্বর--, ইমেইল--, ইত্যাদি।

৪. “বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫”, অত:পর ‘বিধিমালা’ হিসেবে অবিহিত, মোতাবেক সম্পাদিত অত্র মার্জিন চুক্তি (margin agreement), আমরা এই মর্মে ঘোষনা

করিতেছি যে, উভয় পক্ষ বিশ্বস্ততার সহিত মানিয়া চলিব। চুক্তির মেয়াদ হইবে অত্র তারিখ হইতে ০১ (এক) বছর, যা উভয়ের সম্মতিতে নবায়ন করা যাইবে। কোনো কারণে, কোনো পক্ষ চুক্তি বাতিল করিতে চাহিলে, ১৫ (পনের) দিনের নোটিশে উহা বাতিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট মার্জিন হিসাব যথাযথভাবে সমন্বয় না করিয়া এইরূপ চুক্তি বাতিল করা যাইবে না।

৫. আমরা, উভয় পক্ষ, এই মর্মে আরও ঘোষনা করিতেছি যে, নিম্মবর্ণিত শর্ত বা বিষয়সমূহ, যাহার জন্য যাহা প্রযোজ্য, মানিয়া চলিব এবং এই 'বিধিমালা' ও চুক্তি অনুযায়ী আমারা, যাহার জন্য যাহা প্রযোজ্য, নিম্মবর্ণিত অধিকার অর্জন, দায়-দায়িত্ব গ্রহণ ও পরিপালন করিব:

(ক) মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটিজ ক্রয় ব্যতিত অন্য কোনো উদ্দেশ্যে মার্জিন অর্থায়নকৃত 'অর্থ' ব্যবহার বা কোনো ভাবেই নগদ (cash) অর্থ উত্তোলন বা স্থানান্তর করিব না;

(খ) মার্জিন হিসাবে সার্বক্ষণিক 'সংরক্ষিতব্য মার্জিন' বা উহার 'পোর্টফোলিও মূল্য (portfolio value)' এমনভাবে সংরক্ষণ করিব, যাহাতে 'মার্জিন অর্ধায়নকৃত' অর্থের শতকরা ১৭৫ ভাগ (১৭৫%) এর নিচে নামিয়া না যায়;

(গ) বিধি ৯ মোতাবেক মার্জিন তলব (margin call) ও আবশ্যিকভাবে বিক্রয় করিব;

(ঘ) যদি কোনো কারণে মার্জিন হিসাবের পোর্টফোলিও মূল্য (portfolio value), উহাতে 'মার্জিন অর্ধায়নকৃত' অর্থের শতকরা ১৫০ ভাগ (১৫০%) এর নিচে নামিয়া যায়, তাহা হইলে উহা সমন্বয়ের নিমিত্ত, কোনো নোটিশ প্রদান ব্যতিরেকে, উহাতে রক্ষিত সমূদয় বা প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ 'প্রথম পক্ষ' আবশ্যিকভাবে বিক্রয় করিব;

(ঙ) মার্জিন চুক্তির মেয়াদান্তে, যদি উহা নবায়নে উভয় পক্ষ সম্মত না হয়, তাহা হইলে উহা বিধি ৯ মোতাবেক উক্ত মার্জিন হিসাব সমন্বয় করিব;

(চ) বিধি ৫ এর উপবিধি (১) অনুযায়ী, গ্রাহকের নামে অন্য কোথাও কোনো মার্জিন হিসাব থাকিলে, উহা বা উহাদের বিবরণ একটি ঘোষনা পত্রের মাধ্যমে গ্রাহক বা 'দ্বিতীয় পক্ষ', প্রথম পক্ষের সমিপে দাখিল করিব;

(ছ) মার্জিন অর্থায়নের বিপরীতে দ্বিতীয় পক্ষের নিকট হইতে তিন মাস অন্তর অন্তর ------শতাংশ হারে সুদ বা মুনাফা, এককালীণ--------টাকা চার্জ, যদি থাকে, এবং আদায়যোগ্য বকেয়া সুদ বা মুনাফা বা চার্জ, যদি থাকে, তাহা 'প্রথম পক্ষ' আদায় করিব:

তবে শর্ত থাকে যে, চুক্তিতে (শর্ত ৫ এর 'ছ') উল্লিখিত সুদ বা মুনাফা, চার্জ বা বকেয়া, যদি থাকে, ব্যতিত অতিরিক্ত অন্য কোনো চার্জ, তাহা যেই নামেই অবিহিত হউক না কেন, তাহা গ্রাহকের নিকট হইতে, কোনো ভাবেই, আদায় করা যাইবে না।

(জ) মার্জিন হিসাব পরিচালনার ঝুঁকি একান্তই দ্বিতীয় পক্ষ বা গ্রাহকের। গ্রাহক বা ‘দ্বিতীয় পক্ষ’ মার্জিন অর্থ গ্রহণে তাহার ঝুঁকি এবং এই বিধিমালার বিধানসমূহের মর্মার্থ বুঝিয়া, এই চুক্তি স্বাক্ষর করিয়াছেন মর্মে গণ্য হইল;

৬. এই চুক্তি বাংলাদেশের প্রচলিত চুক্তি আইন এবং “বিধিমালা” এর অধীন সম্পাদিত হইয়াছে মর্মে বিবেচিত হইবে। এই চুক্তির কোনো শর্ত লঙ্ঘিত হইলে উহা বিধিমালা ও চুক্তি আইন লঙ্ঘিত হইয়াছে মর্মে গণ্য হইবে;

৭. এই ‘চুক্তি’র কোনো শর্ত বা ‘বিধিমালা’র কোনো বিধি-বিধান লঙ্ঘিত হইলে, লঙ্ঘনকারী, তিনি সংশ্লিষ্ট গ্রাহক, বা মার্জিন অর্থায়নকারী বা উহার কোনো পরিচালক, বা কোনো কর্মকর্তা, তিনি যেই নামেই অবিহিত হউন না কেন, বিধি ২৪ অনুযায়ী দন্ডিত হইবেন;

৮. এই চুক্তির কোনো শর্ত বা বিষয় ‘বিধিমালা’র সাথে সাংঘর্ষিক হইলে, “বিধিমালা” প্রাধান্য পাইবে;

৯. এই চুক্তি দুই প্রস্তে সম্পাদিত হইল, যাহা উভয় পক্ষ যথাযথভাবে সংরক্ষণ করিব; এবং

১০. ‘উভয় পক্ষ’ অত্যন্ত সতর্কতার সহিত এই ‘চুক্তি’ ও ‘বিধিমালা’ ভালভাবে পড়িয়া, বুঝিয়া এবং উহার অন্তর্নিহীত অর্থ অনুধাবন করিয়া স্বজ্ঞানে, কাহারো দ্বারা প্ররোচিত না হইয়া, উহাতে স্বাক্ষর করিলাম;

প্রথম পক্ষের স্বাক্ষর:
নাম: ____________________
পদবি: ____________________
স্বাক্ষর: _________________
সীলমোহর: ______________________

দ্বিতীয় পক্ষের স্বাক্ষর (গ্রাহক):
নাম: ____________________
স্বাক্ষর: _________________
তারিখ: ___/___/২০__ খ্রি.

দুই জন স্বাক্ষীর স্বাক্ষর, নাম, ঠিকানা, মোবাইল নম্বর ইত্যাদি: -----------

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

খন্দকার রাশেদ মাকসুদ
চেয়ারম্যান।

# Notification (Proposed)

Date: 19 August 2025

No. BSEC/Section/CMRRCD/2001-43/…./PRD……/-In exercise of the powers conferred by section 33 of the Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) the Bangladesh Securities and Exchange Commission **proposes** the following rules to repeal the Margin Rules, 1999, namely: -

**1. Short title and commencement. -**

(1) These rules may be called the Margin (Repeal) Rules, 2025.

(2) It shall come into force on the effective date of Bangladesh Securities and Exchange Commission (Margin) Rules, 2025.

**2. Repeal and savings. -**

(1) The Magin Rules, 1999 is hereby repealed.

(2) Notwithstanding the repeal of Margin Rules, 1999: -

(a) anything done or any action taken under or in pursuance of the Margin Rules, 1999, shall continue to be in force and shall have effect as if it done or taken under or in pursuance of the Bangladesh Securities and Exchange Commission (Margin) Rules, 2025; and

(b) any suit, prosecution or other legal proceedings which was continuing, before effective of the Bangladesh Securities and Exchange Commission ((Margin) Rules, 2025, shall be executed or settled under the Margin Rules, 1999, and shall continue to be in force and shall have effects as if the Margin Rules, 1999 had not been repealed and Bangladesh Securities and Exchange Commission ((Margin) Rules, 2025 has not been promulgated.

By order of the Securities and Exchange Commission,

Khondoker Rashed Maqsood
Chairman